

বাংলাদেশ দূতাবাস
এথেল, গ্রীস

প্রেস বিজ্ঞপ্তি

২৭ এপ্রিল ২০১৭

গ্রীসের কর্ফু দ্বীপের মেয়রের সাথে বাংলাদেশের রাষ্ট্রদূতের বৈঠক

গ্রীসের ঐতিহবাহী কর্ফু দ্বীপের সাথে সহযোগিতার উদ্যোগ নিয়েছে এথেসে অবস্থিত বাংলাদেশ দূতাবাস। গ্রীসের কেন্দ্রীয় সরকার ছাড়াও বিভিন্ন অঞ্চলের সাথে সম্ভাব্য সহযোগিতা প্রতিষ্ঠা এবং সম্প্রসারণে বাংলাদেশ দূতাবাসের চলমান উদ্যোগের অংশ হিসেবে গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন গত ২৫ এপ্রিল ২০১৭ কর্ফু দ্বীপের মেয়র কস্টানতিনোস নিকোলোজোস এর সাথে বৈঠক করেন। বৈঠককালে বাংলাদেশের রাষ্ট্রদূত প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নের চিত্র কর্ফুর মেয়রকে অবহিত করেন। তারা কর্ফু দ্বীপ ও বাংলাদেশের মধ্যে সহযোগিতার বিভিন্ন বিষয়েও আলোকপাত করেন। আলোচনাকালে পর্যটনশিল্পে কর্ফু দ্বীপের অসামান্য সাফল্যের কথা উল্লেখ করে রাষ্ট্রদূত বাংলাদেশের বিকাশমান পর্যটন শিল্পে আরো গতিময়তা আনতে কর্ফু দ্বীপের অভিজ্ঞতা কাজে লাগতে পারে বলে অভিমত ব্যক্ত করেন। উল্লেখ্য পর্যটকদের পছন্দের দেশ গ্রীসের অন্যতম আকর্ষণ কর্ফু দ্বীপে প্রতি বছর ইউরোপসহ পৃথিবীর বিভিন্ন দেশ থেকে আগত বিপুল সংখ্যক পর্যটক দ্বীপটির অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। মেয়র নিকোলোজোসের সাথে বৈঠককালে বাংলাদেশের রাষ্ট্রদূত কর্ফু দ্বীপ ও বাংলাদেশের মধ্যে ব্যবসা বাণিজ্য বৃদ্ধির সম্ভাবনা খতিয়ে দেখার কথা বলেন। এ প্রসঙ্গে তিনি ব্যবসায়ীদের মধ্যে যোগাযোগ বৃদ্ধির প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করে বাণিজ্য সংক্রান্ত তথ্যাদি বিনিময়ের প্রস্তাব করেন। কর্ফু দ্বীপের মেয়র বাণিজ্য বিষয়ে আগ্রহ প্রকাশ করে এ বিষয়ে সর্বাঙ্গিক সহযোগিতার আশ্বাস দেন।

দ্বীপটিতে বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের প্রতি সহযোগিতা অব্যাহত রাখার জন্য রাষ্ট্রদূত মেয়রকে অনুরোধ করেন। কর্ফু দ্বীপে ক্রিকেটের জনপ্রিয়তার প্রসঙ্গ উল্লেখ করে রাষ্ট্রদূত এবং মেয়র এ ক্ষেত্রেও সম্ভাব্য সহযোগিতার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। এ ছাড়া শিক্ষা বিষয়ক সহযোগিতা এবং দু'দেশের মধ্যে সিস্টার-সিটি কাঠামোর মাধ্যমে সহযোগিতার বিষয়ও আলোচনায় স্থান পায়। বৈঠকে রাষ্ট্রদূতের সাথে দূতাবাসের প্রথম সচিব সূজন দেবনাথ উপস্থিত ছিলেন।

বাংলাদেশের রাষ্ট্রদূত ২৬ এপ্রিল ২০১৭ বুধবার হেলেনিক ক্রিকেট ফাউন্ডেশনের প্রেসিডেন্ট জোসেফ নিকিতাসের সাথে বৈঠক করেন। হেলেনিক ক্রিকেট ফাউন্ডেশনের কার্যালয়ে অনুষ্ঠিত এই বৈঠকে ফাউন্ডেশনের প্রেসিডেন্ট বাংলাদেশের রাষ্ট্রদূতকে গ্রীসের ক্রিকেট পরিকাঠামো সম্পর্কে অবহিত করেন। বৈঠক শেষে বাংলাদেশের রাষ্ট্রদূত হেলেনিক ক্রিকেট ফাউন্ডেশনের সভাপতির সাথে কর্ফু দ্বীপের ক্রিকেট স্টেডিয়াম পরিদর্শন করেন।